গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.২৯৮

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **উপবৃত্তি প্রদানের নিমিত্ত EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারে অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য প্রদানের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: ০১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং: ০৭.১০২.০২০.০০.০৯.০০৯.২০১০-১৪২; তারিখ: ০৮/০৪/২০২৪খ্রি.
০২। টিএমইডির স্মারক নং: ৫৭.০০.০০০০.০০০.০৫৭.২৯.০০০১.২৪.৪৮; তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৫খ্রি.
০৩। ডিএমই স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.১৬৫; তারিখ: ০৩ জুন ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনুদানভুক্ত স্বতন্ত্রইবতেদায়ি মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের (ইবতেদায়ি ১ম শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত) উপবৃত্তি প্রদানের প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের সদয় নীতিগত অনুমোদন রয়েছে।

২। উক্ত অনুমোদনের আলোকে অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন iBAS++ এর মাধ্যমে জিটুপি পদ্ধতিতে উপবৃত্তি প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এমতাবস্থায় ইউজার আইডি পাসওয়ার্ড প্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষকগণ-কে EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারের নিম্নলিখিত লিংকে প্রবেশ করে সময় বৃদ্ধিপূর্বক আগামী ২৪ আগস্ট ২০২৫খ্রি. তারিখ রোজ রবিবার বিকাল ৫.০০ এর মধ্যে প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারে প্রবেশের জন্য সংযুক্ত তালিকা মোতাবেক ইউজার আইডি ও ডিফল্ট পাসওয়ার্ড (Mesp@1234) ব্যবহার করতে হবে। উক্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করে বাধ্যতামূলক ভাবে পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে এবং পরবর্তীতে ব্যবহারের জন্য পাসওয়ার্ড সেভ রাখতে হবে। উল্লেখ্য, প্রতিবার লগইন এর জন্য রেজিস্টার্ড মোবাইল ফোন নম্বরে OTP পাওয়া যাবে। এনট্রিকৃত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ করলে তা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের আইডিতে জমা হবে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উক্ত তথ্য ভেরিফাই করে অধিদপ্তরে প্রেরণ করবেন।

৪। উল্লেখ্য অনুদানভুক্ত ১৫১৯টি স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের নিমিত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার থেকে প্রতিষ্ঠান ভেরিফাই স্বাপেক্ষে পর্যায়ক্রমে প্রদান করা হবে। এছাড়া EESP MIS সিস্টেম এর লাইভ সার্ভারে শুধুমাত্র কর্মদিবসে রবি থেকে বৃহস্পতিবার অফিস সময়ে (সকাল ০৯.০০ থেকে বিকাল ০৫.০০ পর্যন্ত) তথ্য এনট্রি করার সুযোগ রয়েছে।

EESP MIS সিস্টেম এর লাইভ সার্ভার এর ইউআরএল এড্রেস: https://mesp.finance.gov.bd/mesp/login

১০-০৮-২০২৫
বেনজীর আহমেদ
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
০১৭১১২০৬৯৭৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার........., (সকল)।

২। প্রধান শিক্ষক, অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা..........(সকল)।

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.২৯৮/১ (৭)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৫। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৬। সিনিয়র সহকারী সচিব, মাদ্রাসা শাখা-০৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

১০-০৮-২০২৫
বেনজীর আহমেদ
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)